

ঢাকায় আসছে নতুন এয়ারলাইন; আন্তর্জাতিক ফ্লাইট পরিচালনার প্রস্তুতি নিচ্ছে নেপালের “শ্রী”

- A Monitor Desk Report

Date: 19 January, 2026



ঢাকা: নেপালের কাঠমান্ডুভিত্তিক শ্রী এয়ারলাইন্স আন্তর্জাতিক যাত্রীবাহী ফ্লাইট পরিচালনার প্রস্তুতি নিচ্ছে। রোববার, ১৮ জানুয়ারি প্রকাশিত এক সংবাদমাধ্যমের প্রতিবেদনে জানানো হয়, আন্তর্জাতিক রুটে প্রাথমিক গন্তব্য হিসেবে বাংলাদেশের ঢাকাসহ ভারতের কয়েকটি শহরকে বেছে নিয়েছে এয়ারলাইনটি।

নেপালের বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ (সিএএএন) জানিয়েছে শ্রী এয়ারলাইন্স আন্তর্জাতিক ফ্লাইট পরিচালনার অনুমতির জন্য আবেদন করেছে। সংস্থাটির মুখপাত্র জ্ঞানেন্দ্র ভুল বলেন, “শ্রী তাদের বিদ্যমান বিমান বহর ব্যবহার করে প্রতিবেশী বিভিন্ন দেশে ফ্লাইট পরিচালনার অনুমোদন চেয়েছে।”

এর আগে, ২০১৯ সালের জুলাই মাসে অনুমতি পাওয়ার পর থেকে শ্রী এয়ারলাইন্স আন্তর্জাতিক চার্টার ফ্লাইট পরিচালনা করে আসছে। এয়ারলাইনটির আন্তর্জাতিক রুটে সেবা চালুর আবেদন পর্যালোচনায় সিএএএন একটি স্টাডি কমিটি গঠন করেছে। এই কমিটি এয়ারলাইনটির আন্তর্জাতিক ফ্লাইট পরিচালনা করার ব্যাপারে কারিগরি এবং আর্থিক বিষয়গুলো বিশ্লেষণ করবে।

প্রাথমিকভাবে বিদ্যমান উড়োজাহাজ বহর ব্যবহার করে শ্রী এয়ারলাইন্স কাঠমান্ডু থেকে বাংলাদেশের ঢাকা এবং ভারতের নয়াদিল্লি, বেঙ্গালুরু, কলকাতা ও আহমেদাবাদে ফ্লাইট পরিচালনা করার পরিকল্পনা করছে। পরবর্তীতে বিমান বহরে বোয়িংয়ের উড়োজাহাজ যোগ করে দূরবর্তী অন্যান্য আন্তর্জাতিক রুটে পরিসেবা চালু করার ব্যাপারে সিদ্ধান্ত গ্রহণ করেছে।

বর্তমানে দুটি ৫০ আসনের বোম্বার্ডিয়ার সিআরজে-২০০ এবং সাতটি ৭৬ আসনের ড্যাশ-৮-৪০০ উড়োজাহাজের বহর নিয়ে শ্রী এয়ারলাইন্স কাঠমান্ডু থেকে ভাদ্রপুর, ভৈরহাওয়া, বিরাতনগর, বীরেন্দ্রনগর, ধনগড়ি, নেপালগঞ্জ ও পোখারায় অভ্যন্তরীণ ফ্লাইট পরিচালনা করছে।

গত কয়েক বছরে শ্রী এয়ারলাইন্স নেপালের বিমান পরিবহন খাতে অন্যতম প্রতিযোগিতামূলক অভ্যন্তরীণ এয়ারলাইন হিসেবে প্রতিষ্ঠিত হয়েছে। দুই বছর আগে প্রতিষ্ঠানটি পাবলিক কোম্পানিতে রূপান্তরিত হয়। ২০২৪ অর্থবছরে এয়ারলাইনটির বার্ষিক আয় ছিল প্রায় ৪.০৭ বিলিয়ন নেপালি রুপি।

বর্তমানে ঢাকা—কাঠমান্ডু রুটে নিয়মিত ফ্লাইট পরিচালনা করছে বিমান বাংলাদেশ এয়ারলাইন্স এবং হিমালয়া এয়ারলাইন্স। শ্রী এয়ারলাইন্স এই রুটে তৃতীয় এয়ারলাইন হিসেবে যুক্ত হতে যাচ্ছে। এর আগে ইউএস-বাংলা এয়ারলাইন্স এবং বন্ধ হয়ে যাওয়া রিজেন্ট এয়ারওয়েজ ও জিএমজি এয়ারলাইন্সও এই রুটে ফ্লাইট পরিচালনা করেছে।

- V